

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (২০) মসজিদ স্থানান্তর করা যাবে না বা জমি বিক্রয় করা যাবে না মর্মে বিশ্বাস করা
- (২০) মসজিদ স্থানান্তর করা যাবে না বা জমি বিক্রয় করা যাবে না মর্মে বিশ্বাস করা :

মসজিদ স্থানান্তর করা যায় না বলে সমাজে প্রান্ত ধারণা চালু আছে। অনুরূপ মসজিদের জন্য ওয়াকফ করা জমি বিক্রি করা যায় না এ কথাও চালু আছে। অথচ মুছল্লীদের সুবিধার্থে মসজিদ স্থানান্তর করা যায় এবং জমি বিক্রি করে মসজিদের কাজে লাগানো যায়। ওমর (রাঃ)-এর যুগে কৃফার দায়িত্বশীল ছিলেন আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)। একদা মসজিদ হতে বায়তুল মাল চুরি হয়ে গেলে সে ঘটনা ওমর (রাঃ)-কে জানানো হয়। তিনি মসজিদ স্থানান্তর করার নির্দেশ দেন। ফলে মসজিদ স্থানান্তরিত করা হয় এবং পূর্বের স্থান খেজুর বিক্রির বাজারে পরিণত হয়।[1] আর রাসূল (ছাঃ) বলেন, 'তোমাদের উপরে অপরিহার্য হল, আমার সুন্নাত ও আমার খুলাফায়ে রাশেদ্বীনের সুন্নাতকে আকড়ে ধরা'।[2] অতএব একান্ত প্রয়োজনে মসজিদ স্থানান্তর করা যায়। তবে অবশ্যই মসজিদের সম্পদ মসজিদেই ব্যবহার করতে হবে।

ফুটনোট

- [1]. ফাতাওয়া ইবনে তায়মিয়াহ, ৩১ খন্ড, ২১৭ পৃঃ; ইমাম তাবারাণী, আল-মু'জামুল কাবীর হা/৮৮৫৪।
- [2]. আবুদাঊদ হা/৪৬০৭; তিরমিয়ী হা/২৬৭৬; সনদ ছহীহ, মিশকাত হা/১৬৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1861

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন